রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মে ২৫, ২০০৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ ঃ ৭ জ্যৈষ্ঠ ১৪১২ বাং/২১ মে ২০০৫ইং

এস. আর. ও নং১১৫ আইন/২০০৫ ।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ নং অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ

১। সংক্ষিপ্ত শিরোনাম ।—এই বিধিমালা মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজী (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে ।

২। সংজ্ঞা ।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) ''কমিশন'' অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) ''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার, এবং নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কোন পদ অথবা পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন, যথাঃ-



মূল্য ঃ টাকা ৮.০০

(অ) বেসামরিক কর্মকর্তা (প্রথম শ্রেণী) নিয়োগের ক্ষেত্রে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিয়োগকারী কর্তৃপক্ষ বলিয়া গণ্য হইবেন;

(আ) বেসামরিক কর্মকর্তা ও কর্মচারী (দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণী) নিয়োগেরক্ষেত্রে, কমান্ড্যান্ট, মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজী নিয়োগকারী কর্মকর্তা বলিয়া গণ্য হইবেন;

(ঘ) ''পদ'' অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;

(ঙ) ''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) ''বোর্ড'' অর্থ সরকার কর্তৃক গঠিত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি বোর্ড ;

(ছ) ''শিক্ষানবিস'' অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(জ) ''স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত বোর্ড বা স্বীকৃত প্রতিষ্ঠান'' অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে ।

৩। **নিয়োগ পদ্ধতি** ।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯ (৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথাঃ-

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে ।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এ্যাডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন তাঁহার সর্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে ।

৪। সরাসরি নিয়োগ।—(১) বেসামরিক পদসমূহের ক্ষেত্রে, বোর্ডের সুপারিশ ব্যতিরেকে কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন;

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি না-

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড, অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার, এই মর্মে প্রত্যয়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত হইয়া থাকে, বা এইরূপ তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি-

(ক) উক্ত পদের জন্য সরকারী কর্ম কমিশন কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ, যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী বা প্রথম শ্রেণী, এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণী পদে বোর্ডের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত ও বার্ষিক গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য,

নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারে, যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, উক্ত শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ -

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ-

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসির মেয়াদকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে সংশ্লিষ্ট শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ-

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। বিধিমালার প্রাধান্য।—এই বিধিমালা কার্যকর হইবার সাথে সাথে-

(১) মিলিটারী ইনস্টিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি এর কর্মকর্তা ও কর্মচারীগণের নিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রম এই বিধিমালা অনুযায়ী পরিচালিত হইবে; এবং

(২) এতদসংক্রান্ত বিদ্যমান অফিস আদেশ, নির্দেশিকা অথবা বিধিমালায় বা অন্য কোন ডকুমেন্ট এ ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলী কার্যকর হইবে।

তফসিল

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

প্রথম অংশ

প্রথম শ্রেণীর কর্মকর্তা/শিক্ষক

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | কমান্ড্যান্ট | - | প্রেষণে বদলির মাধ্যমে | প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী সেনাবাহিনীর মেজর জেনারেল বা ব্রিগেডিয়ার বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২। | সিনিয়র ইনস্ট্রাক্টর (ব্রিগেডিয়ার) | - | প্রেষণে বদলির মাধ্যমে | প্রকৌশলে স্নাতক ও স্নাতকোত্তর (এম, এস-সি) পর্যায়ে প্রথম শ্রেণী বা সমমানের গ্রেড প্রাপ্ত সেনা-বাহিনীর ব্রিগেডিয়ার বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা। প্রকৌশলে পি-এইচ.ডি ডিগ্রীধারী কর্মকর্তাকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩। | কর্ণেল ষ্টাফ | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর কর্ণেল বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা। প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী কর্মকর্তাকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪। | পরিচালক, প্রশাসন | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর কর্ণেল বা লেঃ কর্ণেল পদবীর কর্মকর্তা। প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী কর্মকর্তাকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫। | সিনিয়র ইনস্ট্রাক্টর (কর্ণেল) | - | প্রেষণে বদলির মাধ্যমে | **প্রকৌশল বিভাগের জন্য ঃ** প্রকৌশলের সংশ্লিষ্ট শাখায় প্রথম শ্রেণী বা সমমানের গ্রেড প্রাপ্ত স্নাতকসহ এম, এস-সি ডিগ্রীধারী সেনাবাহিনীর কর্ণেল বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা।<br><br>**সাইন্স এন্ড হিউম্যানিটিজ বিভাগের জন্য ঃ**<br><br>(ক) বিজ্ঞান বিষয়সমূহের জন্য, প্রথম শ্রেণীর স্নাতকোত্তরসহ এম ফিল ডিগ্রীধারী সেনাবাহিনীর কর্ণেল বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা। সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচ.ডি ডিগ্রীধারী কর্মকর্তাকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br><br>(খ) হিউম্যানেটিজ বিষয়সমূহের জন্য, দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তরসহ এম, ফিল ডিগ্রীধারী কর্ণেল বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা। সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচ.ডি ডিগ্রীধারী কর্মকর্তাকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬। | অধ্যাপক | ৪৬ বৎসর | পদোন্নতির মাধ্যমে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে, প্রেষণে বদলির মাধ্যমে<br><br>প্রেষণে বদলির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে | **সকল প্রকৌশল বিভাগের জন্যঃ**<br>**পদোন্নতির জন্যঃ**<br>(ক) সহযোগী অধ্যাপক হিসাবে শিক্ষকতায় অন্যূন ৭ (সাত) বছরের অভিজ্ঞতা;<br>(খ) প্রকৌশলের সংশ্লিষ্ট শাখায় পি-এইচডি ডিগ্রী ; এবং<br>(গ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ৭ (সাত) টি প্রকাশনা ।<br><br>**প্রেষণে বদলীর জন্যঃ** স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানের অধ্যাপক অথবা সমমানের কর্মকর্তা।<br><br>**সরাসরি নিয়োগের জন্যঃ**<br>(ক) প্রকৌশলে প্রথম শ্রেণী বা সমতুল্য গ্রেডের স্নাতকসহ পি-এইচ.ডি ডিগ্রী;<br>(খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে সহযোগী অধ্যাপক হিসাবে শিক্ষকতায় অন্যূন ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ মোট ২০ (বিশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; এবং<br>(গ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ৮ (আট) টি প্রকাশনা ।<br><br>সাইন্স এন্ড হিউম্যানেটিজ বিভাগের জন্য<br>পদোন্নতির জন্যঃ<br>(ক) সহযোগী অধ্যাপক হিসাবে শিক্ষকতায় অন্যূন ৭ (সাত) বছরের অভিজ্ঞতা ; |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচ.ডি ডিগ্রী ; এবং<br>(গ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ৭ (সাত) টি প্রকাশনা;<br>**প্রেষণে বদলির জন্য ঃ** স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানের অধ্যাপক অথবা সমমানের কর্মকর্তা।<br>**সরাসরি নিয়োগের জন্যঃ**<br>(ক) (অ) বিজ্ঞান বিষয়সমূহের জন্য, স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর; বা প্রথম বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ।<br>(আ) হিউম্যানেটিজ বিষয়সমূহের জন্য, দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর; বা দ্বিতীয় বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচ.ডি ডিগ্রী;<br>(গ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে সহযোগী অধ্যাপক হিসাবে শিক্ষকতায় অন্যূন ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ২০ (বিশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; এবং<br>(ঘ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ৮ (আট) টি প্রকাশনা । |
| ৭। | প্রশিক্ষক শ্রেণী 'এ' | - | প্রেষণে বদলির মাধ্যমে | **প্রকৌশল বিভাগের জন্য ঃ** প্রকৌশলের সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণী বা সমতুল্য গ্রেডের স্নাতকসহ এম.এস-সি ডিগ্রীধারী সেনাবাহিনীর লেঃ কর্ণেল বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | সাইন্স এন্ড হিউম্যানেটিজ বিভাগের জন্য ঃ<br>(ক) বিজ্ঞান বিষয়সমূহের জন্য, প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীধারী সেনাবাহিনীর লেঃ কর্ণেল বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা । সংশ্লিষ্ট বিষয়ে এম, ফিল ডিগ্রীধারী কর্মকর্তাকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>(খ) হিউম্যানেটিজ বিষয়সমূহের জন্য, দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী । সংশ্লিষ্ট বিষয়ে এম, ফিল ডিগ্রীধারী কর্মকর্তাকে অগ্রাধিকার দেওয়া হইবে । |
| ৮। | জিএসও-১ (একাডেমিক) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী বাংলাদেশ নৌ বাহিনীর কমান্ডার পদবীর কর্মকর্তা । |
| ৯। | জিএসও-১ (এক্সাম) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী বাংলাদেশ বিমান বাহিনীর উইং কমান্ডার পদবীর কর্মকর্তা । |
| ১০। | অফিসার ইনচার্জ (ওয়ার্কশপ) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | যন্ত্র প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী বাংলাদেশ সেনাবাহিনীর ইএমই কোরের লেঃ কর্ণেল পদবীর কর্মকর্তা। |
| ১১। | সিনিয়র প্রোগ্রামার/প্রশিক্ষক শ্রেণী 'এ' | - | প্রেষণে বদলীর মাধ্যমে | কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রীধারী সেনাবাহিনীর সিগন্যালস কোরের লেঃ কর্ণেল পদবীর কর্মকর্তা। |
| ১২। | জিএসও-১ (রিসার্চ) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের লেঃ কর্ণেল পদবীর কর্মকর্তা । |
| ১৩। | সহযোগী অধ্যাপক | ৪৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে<br>পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে, প্রেষণে বদলির মাধ্যমে প্রেষণে বদলির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | <u>সকল প্রকৌশল বিভাগের জন্য</u><br>পদোন্নতির জন্যঃ<br>(ক) সহকারী অধ্যাপক হিসাবে শিক্ষকতায় অন্যূন ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা; এবং<br>(খ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ৪ (চার) টি প্রকাশনা । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | প্রেষণে বদলির জন্য ঃ স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানের সহযোগী অধ্যাপক বা সমমানের কর্মকর্তা ।<br><br>সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(ক) প্রকৌশলের সংশ্লিষ্ট শাখায় প্রথম শ্রেণী বা সমতুল্য গ্রেডের স্নাতকসহ পি-এইচ.ডি ডিগ্রী;<br>(খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে সহকারী অধ্যাপক হিসাবে শিক্ষকতায় অন্যূন ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ১৩ (তের) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; এবং<br>(গ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ৫ (পাঁচ) টি প্রকাশনা ।<br><br>সাইন্স এন্ড হিউম্যানেটিজ বিভাগের জন্য ঃ<br>পদোন্নতির জন্য ঃ<br>(ক) সহকারী অধ্যাপক হিসাবে শিক্ষকতায় অন্যূন ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা ;<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে এম. ফিল ডিগ্রী ; এবং<br>(গ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ৪ (চার) টি প্রকাশনা ।<br>প্রেষণে বদলির জন্য ঃ স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানের সহযোগী অধ্যাপক বা সমমানের কর্মকর্তা ।<br><br>সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(ক) (অ) বিজ্ঞান বিষয়সমূহের জন্য, স্বীকৃত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর; বা প্রথম বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (আ) হিউম্যানেটিজ বিষয়-সমূহের জন্য, দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর; বা দ্বিতীয় বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;<br><br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচ.ডি ডিগ্রী;<br><br>(গ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে শিক্ষকতায় অন্যূন ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ ১৩ (তের) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; এবং<br><br>(ঘ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ৫ (পাঁচ) টি প্রকাশনা। |
| ১৪। | প্রশিক্ষক শ্রেণী 'বি' | - | প্রেষণে বদলীর মাধ্যমে | **সকল প্রকৌশল বিভাগের জন্য ঃ** প্রকৌশলে প্রথম শ্রেণী বা সমমানের গ্রেডের স্নাতক ডিগ্রীধারী সেনাবাহিনীর মেজর বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা। সংশ্লিষ্ট প্রকৌশল বিষয়ে স্নাতকোত্তর (এম.এস-সি) ডিগ্রীধারী কর্মকর্তাকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br><br>**সাইন্স এন্ড হিউম্যানেটিজ বিভাগের জন্য ঃ**<br><br>(ক) বিজ্ঞান বিষয়সমূহের জন্য, সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীধারী সেনাবাহিনীর মেজর বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা।<br><br>(খ) হিউম্যানেটিজ বিষয়সমূহের জন্য, দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীধারী সেনাবাহিনীর মেজর বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৫। | সহকারী অধ্যাপক | ৪৩ বৎসর | পদোন্নতির মাধ্যমে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে, প্রেষণে বদলির মাধ্যমে প্রেষণে বদলির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে | সকল প্রকৌশল বিভাগের জন্য পদোন্নতির জন্য ঃ<br>(ক) প্রভাষক হিসাবে শিক্ষকতায় অন্যূন ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;<br>(খ) প্রকৌশলের সংশ্লিষ্ট বিষয়ে এম. এস-সি ডিগ্রী ; এবং<br>(গ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ১ (এক) টি প্রকাশনা ।<br>প্রেষণে বদলির জন্য ঃ স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে প্রকৌশলের সংশ্লিষ্ট শাখায় সহকারী অধ্যাপক অথবা সমমানের কর্মকর্তা ।<br>সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে প্রকৌশলের সংশ্লিষ্ট শাখায় প্রথম শ্রেণী বা সমতুল্য গ্রেডের স্নাতক সহ এম. এস-সি ডিগ্রী;<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে ৬ (ছয়) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; এবং<br>(গ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ২ (দুই) টি প্রকাশনা ।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে প্রকৌশলে প্রথম শ্রেণী বা সমতুল্য গ্রেডের স্নাতকসহ পি-এইচ.ডি ডিগ্রী ।<br>সাইন্স এন্ড হিউম্যানেটিজ বিভাগের জন্য ঃ<br>পদোন্নতির জন্য ঃ<br>(ক) প্রভাষক হিসাবে শিক্ষকতায় অন্যূন ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; এবং<br>(খ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ১ (এক) টি প্রকাশনা । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | প্রেষণে বদলির জন্য ঃ স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ের সহকারী অধ্যাপক অথবা সমমানের কর্মকর্তা ।<br><br>সরাসরি নিয়োগের জন্য ঃ<br><br>(ক) (অ) বিজ্ঞান বিষয়সমূহের জন্য, স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর; বা প্রথম বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ।<br><br>(আ) হিউম্যানেটিজ বিষয়-সমূহের জন্য, দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর; বা দ্বিতীয় বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;<br><br>(খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে শিক্ষকতায় অন্যূন ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা; এবং<br><br>(গ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ২ (দুই) টি প্রকাশনা ।<br><br>অথবা<br><br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী, বা প্রথম বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ পি-এইচ.ডি ডিগ্রী । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬। | প্রভাষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সকল প্রকৌশল বিভাগের জন্য ঃ স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে প্রকৌশলের সংশ্লিষ্ট শাখায় প্রথম শ্রেণী বা সমমানের গ্রেডের স্নাতক ডিগ্রী ।<br><br>সাইন্স এন্ড হিউম্যানেটিজ বিভাগের জন্য ঃ<br><br>(ক) বিজ্ঞান বিষয়সমূহের জন্য, স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ প্রথম শ্রেনীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; বা প্রথম বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেনীর স্নাতকোত্তর ডিগ্রী ।<br><br>(খ) হিউম্যানেটিজ বিষয়সমূহের জন্য, দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর; বা দ্বিতীয় বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী । |
| ১৭। | জিএসও-২ (সমন্বয়) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর মেজর বা নৌ বা বিমান বাহিনীর সমতুল্য পদবীর কর্মকর্তা। প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী কর্মকর্তাকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৮। | জিএসও-২ (একাডেমিক) | - | প্রেষণে বদলির মাধ্যমে | প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের মেজর পদবীর কর্মকর্তা । |
| ১৯। | জিএসও-২ (রিসার্চ এন্ড ডেভোলপমেন্ট) | - | প্রেষণে বদলির মাধ্যমে | প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার পদবীর কর্মকর্তা । |
| ২০। | ডিএএএন্ডকিউ এমজি | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের মেজর পদবীর কর্মকর্তা। প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী কর্মকর্তাকে অগ্রাধিকার দেওয়া হইবে । |
| ২১। | জিএসও-২ (রিসার্চ) | - | প্রেষণে বদলির মাধ্যমে | প্রকৌশলে স্নাতক ডিগ্রীধারী সেনাবাহিনীর সিগন্যালস কোরের মেজর পদবীর কর্মকর্তা । |
| ২২। | একাউন্ট অফিসার (কম্পট্রোলার) | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর মেজর পদবীর কর্মকর্তা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৩। | মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ৩৬ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অথবা ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং এ ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের গ্রেড ; (খ) পেশাগত কাজে ৭ (সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৪। | লাইব্রেরিয়ান (সিএসও-২) | ৩৬ বৎসর | **পদোন্নতির মাধ্যমে** পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির জন্য ঃ** সহকারী লাইব্রেরিয়ান হিসাবে ১০ (দশ) বছরের চাকুরী। **সরাসরি নিয়োগের জন্য ঃ** (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; (খ) লাইব্রেরিয়ান হিসাবে ৭ (সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা; এবং (গ) প্রফেশনাল জার্নালে গবেষণা বিষয়ে কমপক্ষে ১ (এক) টি প্রকাশনা। |
| ২৫। | সহকারী লাইব্রেরিয়ান (সিএসও-৩) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণীতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২৬। | সিভিল এ্যাডমিনিস্ট্রেশন এন্ড এ্যাডমিশন অফিসার | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় শ্রেণীতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় বিভাগে স্নাতকসহ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; এবং (খ) কোন শিক্ষা প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে কমপক্ষে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৭। | কোয়ার্টার মাষ্টার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এএসসি কোরের ক্যাপ্টেন পদবীর কর্মকর্তা। |

## দ্বিতীয় অংশ

## দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা (সামরিক/বেসামরিক)

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৮। | এডমিন জেসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের সুবেদার মেজর পদবীর সদস্য। |
| ২৯। | জেসিও ওআইসি প্রিন্টিং ভিভ | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর সরবরাহ সহকারী ট্রেডের ওয়ারেন্ট অফিসার পদবীর সদস্য। |
| ৩০। | ওয়ার্কশপ জেসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌ বাহিনীর চীফ ইঞ্জিন আর্টিফিসার কোর্স উত্তীর্ণ সিপিও পদবীর সদস্য। |
| ৩১। | এমটি জেসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এএসসি কোরের সেনাবাহিনী পর্যায়ের এমটি কোর্স সম্পন্ন সুবেদার পদবীর সদস্য। |
| ৩২। | ই ডব্লিউ ল্যাব জেসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর সিগন্যালস কোরের সুবেদার (ফোরম্যান অব সিগন্যালস) পদবীর সদস্য। |
| ৩৩। | জেসিও কিউএম | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের নায়েব সুবেদার পদবীর সদস্য। |
| ৩৪। | জেসিও ক্লার্ক | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এসিসি কোরের সুবেদার পদবীর সদস্য। |
| ৩৫। | জেসিও ক্লার্ক | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এসিসি কোরের নায়েব সুবেদার পদবীর সদস্য। |
| ৩৬। | সিনিয়র সার্ভেয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে সার্ভেয়িং এ ডিপ্লোমা;<br>(গ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৭। | ফোরম্যান ইনস্ট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br><br>(খ) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে সিভিল, ইলেক-ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেকট্রোনিক্স অথবা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা;<br><br>(গ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩৮। | উপ-সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br><br>(খ) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রোনিক্স অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা;<br><br>(গ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩৯। | এষ্টিমেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br><br>(খ) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ;<br><br>(গ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪০। | হেড ড্রাফট্‌সম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অথবা আর্কিটেকচারে ডিপ্লোমা ; এবং<br>(গ) পেশাগত কাজে কমপক্ষে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪১। | শপ ইনচার্জ (ফিটারসপ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ; এবং<br>(গ) মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে কমপক্ষে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪২। | ড্রাফটসম্যান গ্রেড-১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অথবা আর্কিটেকচারে ডিপ্লোমা ; এবং<br>(গ) পেশাগত কাজে কমপক্ষে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৩। | ল্যাবরেটরী টেকনিসিয়ান | ৩০ বৎসর | ৫০% পদোন্নতির মাধ্যমে ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | **টেকনিক্যাল পদের জন্য ঃ**<br>**পদোন্নতির জন্য ঃ** ল্যাবরেটরী সহকারী হিসাবে ৭ (সাত) বছরের চাকুরী ।<br>সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) স্বীকৃত শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান হইতে সিভিল, পাওয়ার, মেকানিক্যাল, ইলেক-ট্রিক্যাল, ইলেকট্রোনিক্স বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা ;<br>(গ) বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।<br>**নন-টেকনিক্যাল পদের জন্য ঃ**<br>পদোন্নতির জন্য ঃ<br>(ক) ল্যাবরেটরী সহকারী পদে ৫ (পাঁচ) বছরের চাকুরী; এবং<br>(খ) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে পদার্থ বিদ্যা ও রসায়ন শাস্ত্রসহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী ।<br>সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে পদার্থ বিদ্যা ও রসায়ন শাস্ত্রসহ দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী;<br>(খ) বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

## তৃতীয় অংশ

## তৃতীয় শ্রেণীর কর্মচারী (সামরিক/বেসামরিক)

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪৪। | পিএ ষ্টেনো | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এসিসি কোরের ষ্টেনো। |
| ৪৫। | ক্লার্ক/কম্পিউটার অপারেটর | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এসিসি কোরের হাবিলদার পদবীর সদস্য । |
| ৪৬। | ড্রাফটসম্যান | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের ড্রাফটসম্যান ট্রেড কোর্স উত্তীর্ণ হাবিলদার পদবীর সদস্য । |
| ৪৭। | সার্ভেয়ার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের সার্ভেয়ার ট্রেড কোর্স উত্তীর্ণ হাবিলদার পদবীর সদস্য । |
| ৪৮। | সি এইচ এম | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের হাবিলদার পদবীর সদস্য । |
| ৪৯। | সি কিউ এম এইচ | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর সিগন্যালস কোরের হাবিলদার পদবীর সদস্য । |
| ৫০। | রেশন এনসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের হাবিলদার পদবীর সদস্য । |
| ৫১। | ব্যারাক/সেনেটারি এনসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর সার্জেন্ট পদবীর সদস্য । |
| ৫২। | স্পোর্টস এনসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌ বাহিনীর পিও (পিটিআই) পদবীর সদস্য । |
| ৫৩। | প্রভোষ্ট | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের হাবিলদার পদবীর সদস্য । |
| ৫৪। | এমটি ড্রাইভার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এএসসি কোরের হাবিলদার পদবীর সদস্য । |
| ৫৫। | অফিসার মেস এনসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর সার্জেন্ট ও নৌ বাহিনীর পিও (ষ্টুয়ার্ড) পদবীর সদস্য। |
| ৫৬। | মেডিক্যাল এ্যাসিসটেন্ট | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এএমসি কোরের হাবিলদার পদবীর সদস্য । |
| ৫৭। | ফ্রেশ এনসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌ বাহিনীর পিও (এস) পদবীর সদস্য । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৮। | কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে ন্যূনতম স্নাতক ডিগ্রী ; এবং<br>(খ) ডাটা এন্ট্রি অথবা কন্ট্রোল অপারেটিং কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা । |
| ৫৯। | ধর্মীয় শিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে ন্যূনতম ফাজিল পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোরআনে হাফেজ এবং কোন জামে মসজিদে ইমামতির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে । |
| ৬০। | উচ্চমান করনিক | ৩০ বৎসর | ৫০% পদোন্নতির মাধ্যমে ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির জন্য ঃ** নিম্নমান করনিক হিসাবে ৭ (সাত) বছরের চাকুরী ।<br>**সরাসরি নিয়োগের জন্য ঃ**<br>(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হইতে ন্যূনতম দ্বিতীয় শ্রেনীতে স্নাতক ডিগ্রী;<br>(খ) পেশাগত কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) এম এস ওয়ার্ড বা সমকার্যোপযোগী সফটওয়্যার দক্ষতা-সহ কম্পিউটার কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা । |
| ৬১। | পিএ ষ্টেনো | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) শর্টহ্যান্ডসহ বাংলা ও ইংরেজীতে যথাক্রমে প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ টাইপিং গতি; এবং<br>(গ) এম এস ওয়ার্ড বা সমকার্যোপযোগী সফটওয়্যার দক্ষতাসহ কম্পিউটার কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা;<br>(ঘ) পেশাগত কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬২। | ক্যাটালগার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ; এবং (গ) এম এস ওয়ার্ড বা সমকার্যোপযোগী সফটওয়্যার এ দক্ষতাসহ কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা । |
| ৬৩। | ক্লাসিফায়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট কোর্স উত্তীর্ণ; এবং (গ) এম এস ওয়ার্ড বা সমকার্যোপযোগী সফটওয়্যার এ দক্ষতাসহ কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা । |
| ৬৪। | ক্রাফট ইনস্ট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে দুই বছরমেয়াদী সিভিল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত; এবং (গ) পেশাগত কাজে কমপক্ষে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৬৫। | ওয়েল্ডার ইনস্ট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে দুই বছর মেয়াদী ওয়েল্ডিং ইঞ্জিনিয়ারিং এ ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত; এবং<br>(গ) পেশাগত কাজে কমপক্ষে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা । |
| ৬৬। | ক্লার্ক/কম্পিউটার অপারেটর | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর নায়েক (এসিসি) এবং নৌবাহিনীর এলএস পদবীর সদস্য। |
| ৬৭। | সার্ভেয়ার ষ্টোর এনসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের নায়েক পদবীর সদস্য। |
| ৬৮। | পিওএল এনসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এএসসি কোরের নায়েক পদবীর সদস্য। |
| ৬৯। | মেস এনসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের ও সিগন্যালস কোরের নায়েক পদবীর সদস্য। |
| ৭০। | এমটি ড্রাইভার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এএসসি কোরের নায়েক পদবীর সদস্য। |
| ৭১। | প্রভোষ্ট | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌ বাহিনীর এল এস এবং বিমান বাহিনীর কর্পোরাল পদবীর সদস্য। |
| ৭২। | ষ্টোর এনসিও | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের ও ইএমই কোরের নায়েক পদবীর সদস্য। |
| ৭৩। | মেডিকাল এ্যাসিসট্যেন্ট | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এএমসি কোরের নায়েক পদবীর সদস্য। |
| ৭৪। | এসএমটি | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইএমই কোরের নায়েক পদবীর সদস্য। |
| ৭৫। | এসএমটি/ষ্টোর কিপার | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিমান বাহিনীর কর্পোরাল পদবীর সদস্য। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭৬। | ইনস্ট্রুমেন্ট টেকনিসিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br><br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বছর মেয়াদি ইলেকট্রিক্যাল বা ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং এ ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত ; এবং<br><br>(গ) পেশাগত কাজে কমপক্ষে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা । |
| ৭৭। | শপ টেকনিসিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br><br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সিভিল, পাওয়ার, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত ; এবং<br><br>(গ) পেশাগত কাজে কমপক্ষে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা । |
| ৭৮। | টেকনিসিয়ান ভিএইচএফ/এইচএফ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br><br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স বা কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এ ২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত ; এবং<br><br>(গ) পেশাগত কাজে কমপক্ষে ১ (এক)বছরের বাস্তব অভিজ্ঞতা । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭৯। | টেকনিসিয়ান টিডিএম/এফডিএম | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স বা কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এ ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত ; এবং<br>(গ) পেশাগত কাজে কমপক্ষে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা । |
| ৮০। | টেকনিসিয়ান মাইক্রোওয়েভ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স বা কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এ ২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত; এবং<br>(গ) পেশাগত কাজে কমপক্ষে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা । |
| ৮১। | প্রভোষ্ট | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স, ইএমই ও সিগন্যালস কোরের ল্যান্স নায়েক পদবীর সদস্য। |
| ৮২। | এমটি ড্রাইভার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর এএসসি কোরের ল্যান্স নায়েক পদবীর সদস্য। |
| ৮৩। | মেস ষ্টোরম্যান | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর সিগন্যালস কোরের ল্যান্স নায়েক পদবীর সদস্য। |
| ৮৪। | ষ্টোর ম্যান | - | প্রেষণে বদলির মাধ্যমে | নৌ বাহিনীর এবি পদবীর এবং বিমান বাহিনীর এলএসি পদবীর সদস্য। |
| ৮৫। | রানার | - | প্রেষণে বদলির মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স কোরের ল্যান্স নায়েক পদবীর সদস্য। |
| ৮৬। | এসএমটি | - | প্রেষণে বদলীর মাধ্যমে | বিমান বাহিনীর এলএসএ পদবীর সদস্য। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮৭। | এসএমটি | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সেনাবাহিনীর ইঞ্জিনিয়ার্স, সিগন্যাল ও ইএমই কোরের ল্যান্স নায়েক, নৌ বাহিনীর এবি এবং বিমান বাহিনীর এলএসি পদবীর সদস্য। |
| ৮৮। | এমটি ড্রাইভার (ভারী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ভারী মটর যান চালনার লাইসেন্সসহ পেশাগত কাজে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) অবসরপ্রাপ্ত সেনা সদস্যদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৮৯। | টেকনিসিয়ান (লাইন এ্যান্ড ইক্যুইপমেন্ট) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স বা কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এ ২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত ; এবং<br>(গ) পেশাগত কাজে কমপক্ষে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৯০। | এমটি ড্রাইভার (হালকা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে হালকা মটর যান চালনার লাইসেন্সসহ পেশাগত কাজে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা ; এবং<br>(গ) অবসরপ্রাপ্ত সেনা সদস্যদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯১। | ড্রাইভার কাম মেকানিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বছর মেয়াদি সংশ্লিষ্ট বিষয়ে ট্রেডকোর্স সার্টিফিকেট প্রাপ্ত ; এবং<br>(গ) হালকা মোটর যান চালনার লাইসেন্সসহ পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে । |
| ৯২। | অফিস করনিক (নিম্নমান) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) বাংলা এবং ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ এবং ৩০ শব্দ টাইপিং গতি ; এবং<br>(গ) এম এস ওয়ার্ড বা সমকার্যোপযোগী সফটওয়্যারে দক্ষতাসহ কম্পিউটার পরিচালনায় কমপক্ষে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা । |
| ৯৩। | ল্যাবরেটরী সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | টেকনিক্যাল পদের জন্য ঃ<br>(ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ২ (দুই) বছরে মেয়াদি সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত;<br>(গ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | নন-টেকনিক্যাল পদের জন্য ঃ<br>(ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৯৪। | কার্পেন্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত ;<br>(গ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৯৫। | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত; এবং<br>(গ) পেশাগত কাজে ১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৯৬। | বাইন্ডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) বাইন্ডিং কাজে বাস্তব অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯৭। | ম্যাসন | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ম্যাসন ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত;<br>(গ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৯৮। | প্লাম্বার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে প্লাম্বার ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত ;<br>(গ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৯৯। | ফিটার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ফিটার ট্রেড কোর্স সার্টিফিকেট প্রাপ্ত ;<br>(গ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১০০। | ফাউন্ড্রী সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ফাউন্ড্রী বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত ;<br>(গ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০১। | অপারেটর মেকনিক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অটোমোবাইলে ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স সার্টিফিকেটপ্রাপ্ত ;<br>(গ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে । |
| ১০২। | পিপিসি (প্লেন পেপার কপিয়ার) অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড বা প্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) ফটোকপিয়ার মেশিন মেরামত এবং রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

## চতুর্থ অংশ

## চতুর্থ শ্রেণীর কর্মচারী (বেসামরিক)

| | | | | |
|---|---|---|---|---|
| ১০৩। | কুক (মেস) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) নবম শ্রেণী উত্তীর্ণ ; এবং<br>(খ) পেশাগত কাজে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা । |
| ১০৪। | পিয়ন | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |
| ১০৫। | মেস ওয়েটার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে । |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০৬। | মালি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) নবম শ্রেণী উত্তীর্ণ ;<br>(খ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে । |
| ১০৭। | মশালচী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) নবম শ্রেণী উত্তীর্ণ ;<br>(খ) পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে । |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মেজবাহ উদ্দিন আহম্মদ

সচিব ।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত ।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।